

কোথায়

সুজিত সরকার

প্রজাপতি ট্রেনের ভেতরে-

ট্রেন ছুটছে,

প্রজাপতি উড়ছে,

স্টেশন পেরিয়ে যাচ্ছে

একটার পর একটা।

প্রজাপতি জানেও না

সে কোথায় আছে,

ট্রেনের ভেতরে নাকি ট্রেনের বাইরে।